গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.legislativediv.gov.bd**

## লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: ইসরাইল হোসেন<br>যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ<br>আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। |
| স্থান | : | কক্ষ নং-৭১৪, ভবন নং- ৪, বাংলাদেশ সচিবালয়। |
| তারিখ | : | ০৬/০১/২০১৬খ্রিঃ। |
| সময় | : | সকাল ১১.০০ঘটিকা। |

সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের উপস্থিতি তালিকা (সংলাগ-ক) সংযুক্ত।

সভার শুরুতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভাপতি মহোদয় এ বিভাগের সিস্টেম এনালিস্ট, জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন-কে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন। জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত ইনোভেশন টিমসমূহের বাৎসরিক কর্মপরিকল্পনা তথা উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০১৫ এর আলোকে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তির জন্য জন্য বিবেচ্য বিষয়াদি উপস্থাপন করেন। সভায় নিম্নলিখিত বিষয়াদি বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়, যথা:-

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | **২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রকাশ** | মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত ইনোভেশন টিম সংক্রান্ত প্রজ্ঞাপনে ইনোভেশন টিম কর্তৃক বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বছরের শুরুতে অনুমোদন গ্রহণ এবং প্রতিমাসে সভা অনুষ্ঠান এবং প্রতিবছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্নাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়নপূর্বক তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা রয়েছে এবং এ বিষয়ে করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত: ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনার খসড়া এ বিভাগের উপ-সচিব (প্রশাসন) এর সহিত আলোচনাপূর্বক জনাব মোহাম্মদ জিয়াউদ্দীন, সিস্টেম এনালিস্ট, প্রণয়ন করবে এবং এ সংক্রান্ত একটি খসড়া প্রতিবেদন পরবর্তী সভায় (আগামী ০৩/০২/২০১৬ ইং তারিখে) উপস্থাপন করবেন। | জনাব মোহাম্মদ জিয়াউদ্দীন, সিস্টেম এনালিস্ট |

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২। | **ইনোভেশন টিম পুন:গঠন** | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ৫ সদস্যবিশিষ্ট ইনোভেশন টিম গঠন করা হয়। উক্ত কমিটি পুন:গঠন করা প্রয়োজন মর্মে এ বিভাগের সিস্টেম এনালিস্ট প্রস্তাব উপস্থাপন করেন।<br>সার্বিক আলোচনান্তে এ বিভাগের লেজিসলেটিভ, অনুবাদ এবং প্রশাসন কর্মে যুক্ত কর্মকর্তাদের মধ্য হতে ইনোভেশন টিমে সদস্য অন্তর্ভুক্ত করে ইনোভেশন টিম পুন:গঠন করা যেতে পারে। | প্রশাসন -২ শাখা |
| ৩। | **বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত এ বিভাগের অধীন সংস্থায় পত্র প্রেরণ** | আগামী ৩১ জানুয়ারীর মধ্যে ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক এবং উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন প্রকাশ করে ১৫ ফেব্রুয়ারী, ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত এ বিভাগের অধীন সংস্থা জাতীয় মানবাধিকার কমিশন ও আইন কমিশনে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা -২ |
| ৪। | **নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন** | মন্ত্রিপরিষদ বিভাগের ই গভর্নেন্স শাখা হতে প্রেরিত পত্রের আলোকে রূপকল্প ২০২১ বাস্তবায়নে সরকারি কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের কর্মকর্তাগণের দু'দিন ব্যাপী 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন বিষয়ে আলোচনা এবং তা দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া এ সংক্রান্ত একটি পত্র এ বিভাগের অধীন সংস্থা জাতীয় মানবাধিকার কমিশন ও আইন কমিশনে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা -২ |
| ৫। | **প্রশিক্ষণ ও প্রতিবেদন সংক্রান্ত শাখা খোলা** | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের কাজের গুরুত্ব বিবেচনা করে এ বিভাগের প্রশিক্ষণ ও প্রতিবেদন সংক্রান্ত একটি শাখা খোলার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে ইতিবাচক মতামত প্রকাশ করেন। সার্বিক আলোচনান্তে এ বিভাগে বিভিন্ন ধরণের রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ এবং বিভিন্ন ধরণের প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রশিক্ষণ ও প্রতিবেদন সংক্রান্ত একটি শাখা খোলার প্রস্তাব সচিব মহোদয় বরাবর উপস্থাপন করা যেতে পারে। | প্রশাসন-২ শাখা |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: ইসরাইল হোসেন
সভাপতি
যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। জনাব কাজী আরিফুজ্জামান, উপ-সচিব(প্রশাসন), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
২। জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন, সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৩। জনাব মোহাম্মদ আবদুল হালিম, সিনিয়র সহকারী সচিব(প্র-২), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৪। জনাব শাহানা সুলতানা, সিনিয়র সহকারী প্রধান, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৫। জনাব মাহবুব আলম, সহকারী প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৬। জনাব মো: শাহজাহান মিয়া, সহকারী সচিব(বাজেট), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৭। জনাব মো: জুলহাজ আলী সরকার (প্র:-১), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৮। জনাব মো: আনিছুন নবী, সহকারী সচিব (প্র:-৩), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৩। অফিস কপি।